# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 01 June, 2025

চট্টগ্রামের মিরসরাই উপজেলার মায়ানী ইউনিয়নের পূর্ব মায়ানী গ্রামে একটি খালপাড় থেকে সদ্য ভূমিষ্ঠ এক নবজাতককে (ছেলে) উদ্ধার করা হয়েছে।শনিবার (৩১ মে) ভোরে কে বা কারা এই নবজাতকটিকে ফেলে রেখে যায়।

স্থানীয় সূত্রে জানা গেছে, ভোরে কৃষিকাজে বের হয়ে বাচ্চার কান্নার শব্দ শুনতে পান মো. মোস্তফা নামের এক কৃষক।উৎস খুঁজতে গিয়ে খালপাড়ে টাওয়ালে মোড়ানো অবস্থায় নবজাতকটিকে দেখতে পান তিনি।পরে শিশুটিকে উদ্ধার করে স্থানীয় মুজিবুল হকের কাছে নিয়ে যান।

ঘটনাটি এলাকায় জানাজানি হলে অনেক মানুষ ছুটে আসে।পরবর্তীতে সবার সম্মতিতে শিশুটিকে খোরশেদ আলম নামের এক নিঃসন্তান ব্যবসায়ী পরিবারের হাতে তুলে দেওয়া হয়।বর্তমানে তাদের তত্ত্বাবধানে স্থানীয় একটি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে নবজাতক শিশুটি ।

বাংলাদেশ আম্পুচি ফুটবল দলের খেলোয়াড় স্থানীয় মো. শাহাব উদ্দিন বলেন, ‘ভোরে মোস্তফা চাচা নবজাতকটিকে পেয়ে আমাদের বাড়িতে আনেন।আমরা তাৎক্ষণিক বাচ্চাটির যত্ন নিই এবং আব্বু এলাকার মানুষদের বিষয়টি জানালে সবাই এগিয়ে আসেন।পরে সবার সিদ্ধান্ত অনুযায়ী খোরশেদ আলমের পরিবারে শিশুটিকে তুলে দেওয়া হয়।

তিনি আরও বলেন, ‘বাচ্চাটিকে নেয়ার জন্য ৫-৬টি পরিবার আগ্রহ দেখায়।অথচ এমন নিষ্ঠুর মা-বাবার পক্ষে কীভাবে সম্ভব হলো একটি সদ্য জন্ম নেওয়া শিশুকে এভাবে ফেলে যেতে! আমার বিশ্বাস, সঠিক যত্ন পেলে এই শিশুটি একদিন আলোকিত করবে আমাদের এলাকা।

চট্টগ্রাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:29

URL: https://www.timestodaybd.com/across-the-country/3214175168